

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
Website: www.chittagongvat.gov.bd

নথি নং-৪র্থ/এ(১২)১০৭/মূসক বিবিধ-৪/সঃদঃ/২০২০

তারিখ- /০৫/২০২২ খ্রিষ্টাব্দ।

প্রেরক : কমিশনার

প্রাপক : কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিষয় : বাতিঘর মাসুলের উপর ১৫% হারে প্রযোজ্য মূসক জমাকরণ।

সূত্র: প্রজ্ঞাপন নং- ১৮.০০.০০০০.০২৪.৯৯.০০৭.২০.৪৩, তারিখ: ২৯ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বাতিঘর আইন, ২০২০ (২০২০ সনের ৬ নং আইন) এর ধারা ৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সূত্রোক্ত প্রজ্ঞাপন মারফত বাতিঘর মাসুল নীট টনেজ প্রতি ১০/- (দশ) টাকা নির্ধারণ করা হয়েছে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর দফা (১০০) তে “সেবা সরবরাহ” এর সংজ্ঞা দেয়া হয়েছে। উক্ত সংজ্ঞা মোতাবেক কোন সুযোগ, সুবিধা বা উপকার গ্রহণের ব্যবস্থাকরণ “সেবা সরবরাহ” হিসেবে গণ্য। সমুদ্রগামী জাহাজ বাতিঘরের মাধ্যমে উপকূল সম্পর্কে ধারণা পেয়ে থাকে। এর মাধ্যমে জাহাজের নাবিকগণ সঠিক নিশানা পায়। ফলে জাহাজ নিরাপদে উপকূলে পৌঁছতে পারে। এটি একটি সুবিধা। এ সুবিধা গ্রহণের বিপরীতে জাহাজ টন প্রতি দশ টাকা বাতিঘর মাসুল প্রদান করে। সুতরাং, এ সেবার বিপরীতে প্রাপ্য বা প্রাপ্ত সেবামূল্য মূসক আরোপযোগ্য।

০৩। এমতাবস্থায়, বাতিঘর মাসুলের উপর ১৫% হারে মূসক আদায়পূর্বক অর্থনৈতিক কোড নং ১/১১৩৩/০০২৫/০৩১১ তে জমা প্রদান করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতিপূর্বে এ খাত হতে মূসক আদায় না করা হলে অনাদায়ী মূসক আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্যও বিনীত অনুরোধ করা হল।

০৪। সরকারি রাজস্ব আদায়ে আপনার দপ্তরের সার্বিক সহায়তা অতীতের মত ভবিষ্যতেও অব্যাহত থাকবে মর্মে এ দপ্তর প্রত্যাশা করে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আকবর হোসেন)

কমিশনার (চঃ দাঃ)

টেলিফোন নং- ০২৩৩৩৩২২০৩৭

ই-মেইলঃ ccevatctg@gmail.com

তারিখ- ০৫/০৫/২০২২ খ্রিষ্টাব্দ।

নথি নং-৪র্থ/এ(১২)১০৭/মূসক বিবিধ-৪/সঃদঃ/২০২০/২৮-৭৬(২-৬)
সদয় অবগতি ও কার্যার্থে : (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০।

৪-৫। সদস্য (মূসক নীতি/মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৬। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, ৩য় তলা, ট্রেড সেন্টার, মক্কা মদিনা টাওয়ার, ৭৮ আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম।

৭। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডস এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), ১৭২৮ আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম।

৮। সভাপতি, সি এন্ড এফ এজেন্টস এসোসিয়েশন, ১৩ তলা, সি এন্ড এফ টাওয়ার, ১৭১২ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।


(ফাহাদ আল ইসলাম)
উপ কমিশনার
কমিশনারের পক্ষে